

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪২৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. মুসাফির ও পীড়িত ব্যক্তির সালাত - সফরে সালাত ক্বসর করার বিধান

## আরবী

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: أَوَّلُ مَا فُرِضَتْ الصَّلَاةُ رَكْعَتَيْنِ, فَأُقِرَّتْ صَلَاةُ السَّفَر وَأُتِمَّتْ صَلَاةُ الْحَضَر. مُتَّفَقٌ عَلَيْهِ

وَلِلْبُخَارِيِّ: ثُمَّ هَاجَرَ, فَفُرِضَتْ أَرْبَعًا, وَأُقِرَّتْ صَلَاةُ السَّفَرِ عَلَى الْأَوَّلِ

صحيح. رواه البخاري (1090)، ومسلم (685) صحيح. رواه البخاري (3935)، ولفظه: ثم هاجر النبي صلى الله عليه وسلم، ففرضت أربعا، وتركت صلاة السفر على الأولى

## বাংলা

৪২৯. 'আয়িশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, প্রথম অবস্থায় সালাত দু' রাক'আত করে ফর্য করা হয় অতঃপর সফরে সালাত সেভাবেই স্থায়ী থাকে এবং মুকীম অবস্থায় সালাত পূর্ণ (চার রাক'আত) করা হয়েছে।

বুখারীতে আছে, অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হিজরত করলেন, ঐ সময় সালাত চার রাক'আত করে দেয়া হয়। এবং সফর কালে আগের অবস্থা অর্থাৎ দু' রাক'আত বহাল রাখা হয়।[1]

## ফুটনোট

[1] বুখারী ১০৯০, ৩৫০, ৩৯৩৫, মুসলিম ৬৮৫, নাসায়ী ৪৫৩, ৪৫৫, আবূ দাউদ ১১৯৮, আহমাদ ২৫৪৩৬, ২৫৮০৬, মুওয়াত্তা মালেক ৩৩৭, দারেমী ১৫০৯। বুখারীর বর্ণনায় রয়েছে, ثم هاجر النبي صلى الله عليه وسلم،



طلى الأولى অতঃপর নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যখন হিজরাত করলেন, ঐ সময় চার রাক'আত করে দেয়া হয়। এবং সফর কালে আগের অবস্থা অর্থাৎ দু রাক'আত বহাল রাখা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন